

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০০১.০১৮.০৪০.১৬-৫৭৬

তারিখ : ১২ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
২৬ জুন ২০১৮ খ্রি.

বিষয়: আগামী ২৬ জুলাই ২০১৮ তারিখ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের বার্ষিক সম্মিলনে আমন্ত্রণ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪-২৬ জুলাই ২০১৮ তারিখ জেলা প্রশাসক সম্মেলন অনুষ্ঠিত হবে। রেওয়াজ অনুযায়ী উক্ত সম্মেলন চলাকালীন বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের বার্ষিক সম্মিলন আগামী ২৬ জুলাই ২০১৮ তারিখ বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বার্ষিক সম্মিলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। আগামী ২৬ জুলাই ২০১৮ তারিখ বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন কর্তৃক আয়োজিত বার্ষিক সম্মিলনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসের সদস্যগণকে ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে (স্বামী/স্ত্রীসহ) আমন্ত্রণপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

০৩। অতএব, আগামী ২৬ জুলাই ২০১৮ তারিখ বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন কর্তৃক আয়োজিত বার্ষিক সম্মিলনে অংশগ্রহণে আত্মীয় কর্মকর্তাগণকে যুগ্মসচিব (প্রশাসন-২)-এঁর দপ্তরে নাম প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

(মোহাম্মদ শহীদুল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৮০৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (তাঁর আওতাধীন বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের সকল কর্মকর্তাসহ)।
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০ (তাঁর আওতাধীন বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের সকল কর্মকর্তাসহ)।
৪. যুগ্মসচিব (প্রশাসন-১/প্রশাসন-২/কারিগরি/মাদ্রাসা/উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা (তাঁর আওতাধীন বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের সকল কর্মকর্তাসহ)।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (তাঁর আওতাধীন বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের সকল কর্মকর্তাসহ)।
৮. উপসচিব (উন্নয়ন-১/কারিগরি-১/কারিগরি-৩/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব (রাজস্ব বাজেট শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
১০. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৩. অফিস কপি।